তারিখ ... 12 MAR 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক সংবাদ

12

## কুমিল্লা বোর্ড

### এইচএসসি কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল প্রকাশ

কুমিল্লা, ১১ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।–কুমিল্লা বোর্ডের ১৯৯০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট কম্পার্টমেন্টাল পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পাসের হার হচ্ছে ৬২ দশমিক ৫৯।

এবারের কম্পার্টমেন্টাল পরীক্ষায় ১০ হাজার ৫শ' ৬৬ জন পরীক্ষার্থী তালিকাভুক্ত হয়। শেষ পর্যন্ত পরীক্ষায় অংশ নেয় ১০ হাজার ২শ' ৫৭ জন। পাস করেছে ৬ হাজার ৪শ' ২০ জন। এর মধ্যে ১ হাজার ৮শ' ৯৭ জন মহিলা পরীক্ষার্থী রয়েছেন।

বিভাগওয়ারী পাসের হার হচ্ছে

( শেষ পৃঃ ২–এর কঃ দ্রঃ )

## কুমিল্লা বোর্ড

( ১ম পাতার পর )

মানবিক বিভাগ ৬৪ দশমিক ৪৩। অংশগ্রহণকারী পরীক্ষার্থী ৫ হাজার ৫শ' ২২ জন। পাস করেছে ৩ হাজার ৫শ' ৫৮ জন। বিজ্ঞান বিভাগে পাসের হার ৬২ দশমিক ৯৮। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ২ হাজার ২৬ জন। পাস করেছে ১ হাজার ৪শ' ৭২ জন। বাণিজ্য বিভাগে পাসের হার হচ্ছে ৫৮ দশমিক ৬০। অংশ গ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২ হাজার ৬শ' ৬৭ জন। পাশ করেছে ১ হাজার ৫শ' ৬৩ জন। কৃষি-বিজ্ঞান বিভাগে পাস করেছে ২৩ জন। পাসের হার ৫৪ দশমিক ৭৬। অংশগ্রহণকারী পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪২ জন।